# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৬৫

তারিখঃ ০২ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৭২তম কমিশন সভা অদ্য ১৫/০১/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে ঃ

পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড-কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ৭০ (সত্তর কোটি) টাকা মূলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ যন্ত্রপাতি ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৮ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি পুনর্মূল্যায়ন সঞ্চিতিসহ নীট সম্পত্তি মূল্য ৪২.৯৮ টাকা ও পুনর্মূল্যায়ন সঞ্চিতি ব্যতীত শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য ৩১.২৮ টাকা এবং পপুলার ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড এর বিগত ৫টি অর্থ বছরের কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ২.১৮ টাকা। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে আই,ডি,এল,সি, ইনভেস্টমেন্টস্ লিমিটেড।

১৫|০১|২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd